



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ



স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.২২.১৫১৮

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯

২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: বিটিআরসি কর্তৃক জারীকৃত ট্যারিফ অনুমোদন পত্রটি ISP-এর নিজস্ব ওয়েব সাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ প্রসঙ্গে।

সূত্র: বিটিআরসি'র স্মারক নং- ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.১৯.৯৩২, তারিখঃ ১১ নভেম্বর ২০২১।

সরকারের 'নির্বাচনী ইশতেহার ২০১৮' এর প্রতিশ্রুতি- "ইন্টারনেট ও মোবাইল ব্যবহারের মূল্য যুক্তিসঙ্গত পর্যায়ে নামিয়ে আনা হবে" বাস্তবায়নের জন্য একটি বাস্তবসম্মত এবং গ্রাহক বান্ধব ইন্টারনেট ট্যারিফ প্রণয়নে সূত্রস্থ পত্রের মাধ্যমে সারা দেশের জন্য 'এক দেশ এক রেট' ট্যারিফ এবং ট্যারিফের সহিত সেবা ও সেবার মান নিশ্চিত প্রয়োজনীয় 'Penalty' শর্তসহ Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদণ্ড নির্ধারণে 'Grade of Service (GoS)' প্রদান করা হয়েছে। উক্ত জারীকৃত ট্যারিফের শর্তানুযায়ী সকল ISP প্রতিষ্ঠানকে কমিশন হতে প্রতিটি প্যাকেজ এবং উক্ত প্যাকেজের জন্য ট্যারিফ অনুমোদন নেবার বাধ্যবাধকতা রয়েছে। এ প্রেক্ষিতে কমিশনের অধিকাংশ লাইসেন্সধারী ISP প্রতিষ্ঠান বিটিআরসি হতে প্রয়োজনীয় ট্যারিফের অনুমোদন গ্রহণ করেছেন। উক্ত ট্যারিফ অনুমোদনের শর্তাবলীর শর্ত নং (৫) মোতাবেক 'ISP কর্তৃক কমিশন হতে অনুমোদিত ট্যারিফ চার্ট নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে' মর্মে উল্লেখ রয়েছে। উল্লেখ্য, ট্যারিফের অনুমোদনপ্রাপ্ত অনেক ISP প্রতিষ্ঠান বর্ণিত শর্ত সঠিকভাবে প্রত্যাখ্যান না করায় কমিশনের ২৬৭-তম সভায় নিম্নোক্ত সিদ্ধান্তগৃহীত হয়ঃ

'গ্রাহক স্বার্থ বিবেচনায় ISP প্রতিষ্ঠানসমূহের অনুকূলে 'বিটিআরসি হতে জারীকৃত ট্যারিফ অনুমোদন পত্রটি' ISP প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েব সাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের পেইজ-এ পৃথক মেনু/বাটন আকারে স্পষ্টকরে বাধ্যতামূলকভাবে প্রকাশ নিশ্চিত করবে।'

এমতাবস্থায়, বিটিআরসি'র ট্যারিফের অনুমোদনের শর্ত এবং কমিশনের ২৬৭-তম সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ISP প্রতিষ্ঠানকে 'বিটিআরসি হতে জারীকৃত ট্যারিফ অনুমোদন পত্রটি' প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েব সাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের পেইজ-এ পৃথক মেনু/বাটন আকারে স্পষ্টকরে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৬-১০-২০২২

মোঃ নাহিদুল হাসান

উপ-পরিচালক

বিতরণ :

১) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোগ্রামার, সকল

ISP প্রতিষ্ঠান

২) সভাপতি, ISPAB (ইহা সকল সদস্যদের বিতরণ

এবং নির্দেশনা প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করণের


জন্য)

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.২২.১৫১৮/১(৬)

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯  
২৯ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ২) সিনিয়র সহকারী পরিচালক (ভাইস চেয়ারম্যান দপ্তরে সংযুক্ত), ভাইস চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৩) সহকারী পরিচালক (মহাপরিচালক এসএস এর দপ্তরে সংযুক্ত), সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৫) সহকারী পরিচালক (মহাপরিচালক এলএল এর সাথে সংযুক্ত), লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন



৬-১০-২০২২

মোঃ মশিউর রহমান

সিনিয়র সহকারী পরিচালক